সমকাল

তারিখ ... 20 AUG 2017 ...
পৃষ্ঠা ... 9 ... কলাম ... 2 ......

নিয়োগ নিয়ে বিরোধ

# উজিরপুরে স্কুল কমিটির সভাপতিকে হত্যা

■ বরিশাল ব্যুরো

নিখোঁজ হওয়ার তিন দিন পর বরিশালের উজিরপুর উপজেলার সাতলা ইউনিয়নের শিবপুর নবীন মাধ্যমিক বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি ধীরেন রায়ের (৭০) লাশ উদ্ধার করেছে পুলিশ। গতকাল শনিবার পাশের নাজিরপুর উপজেলার একটি খালে তার লাশ পাওয়া যায়। তাকে হত্যা করা হয়েছে বলে পুলিশ প্রাথমিকভাবে নিশ্চিত হয়েছে।

জানা গেছে, ওই স্কুলের প্রধান শিক্ষক নিয়োগ নিয়ে নিয়োগবঞ্চিত কতিপয় শিক্ষক ও স্থানীয় প্রভাবশালীদের সঙ্গে ধীরেন রায়ের বিরোধ চলছিল। তার পরিবারের অভিযোগ, ওই বিরোধের জের ধরে পরিকল্পিতভাবে তাকে অপহরণের পর হত্যা করা হয়।

উজিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা গোলাম সরোয়ার জানান, গতকাল সকাল ১০টার দিকে নাজিরপুরের পদ্মডুবি গ্রামের ডাকুয়ার খালে স্থানীয় লোকজন বস্তার মধ্যে একটি লাশ ভাসতে দেখে। ধীরেন রায়ের স্বজনরা সেখানে গিয়ে লাশটি তার বলে শনাক্ত করেন। তিনি আরও জানান, ধীরেন রায়কে হত্যার পর লাশ গুমের জন্য বস্তায় ভরে ৮টি ইট বেঁধে খালে ফেলে দেওয়া হয়েছিল। ওসি বলেন, আগের করা অপহরণ মামলাটি হত্যা মামলায় পরিণত হবে।

ধীরেন রায়ের ছেলে দিলীপ রায় জানান, গত বৃহস্পতিবার রাতে তার বাবা নিখোঁজ হন। শুক্রবার তিনি উজিরপুর থানায় অজ্ঞাতনামাদের আসামি করে অপহরণ মামলা করেন। পুলিশ শনিবার সকালে মামলাটি এজাহারভুক্ত করে। দিলীপ রায় আরও বলেন, ৭ আগস্ট শিবপুর নবীন মাধ্যমিক বিদ্যালয়ে কাশিকান্ত রায় নামের একজনকে ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদে নিয়োগ দেওয়া হয়। এতে সভাপতির ওপর ক্ষুব্ধ হন নিয়োগবঞ্চিত ওই স্কুলের সহকারী শিক্ষক সুনীল মাস্টার, তার পক্ষে তদবিরকারী সাবেক ইউপি চেয়ারম্যান সুভাষ রায়, সাতলা ইউনিয়ন যুবলীগ সভাপতি ইকবাল হোসেন বালীসহ তাদের সহযোগীরা। কাশিকান্ত রায়কে নিয়োগের পর থেকে তারা বাবাকে হুমকি-ধমকি দিয়ে আসছিলেন। নিয়োগবঞ্চিত হয়ে ক্ষুব্ধ ব্যক্তিরাই বাবাকে অপহরণের পর হত্যা করেছে বলে দিলীপ রায় অভিযোগ করেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.......................
তারিখ.......................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এম.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর